JUN. 18 2002

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রায় ৮৯ কোটি টাকার বাজেট ঘোষণা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০০২-২০০৩ অর্থবছরের জন্য ৮৮ কোটি ৯৪ লাখ ৬৫ হাজার টাকার রাজস্ব ও উন্নয়ন বাজেট ঘোষণা করা হয়েছে। এর মধ্যে ঘাটতি বাজেট দেখানো হয়েছে ৭ কোটি ৮৪ লাখ ৬৫ হাজার টাকা। সোমবার বিশ্ববিদ্যালয়ের বার্ষিক সিনেট অধিবেশনে কোষাধ্যক্ষ অধ্যাপক সৈয়দ রাশিদুল হাসান এই বাজেট ঘোষণা করেন। মোট বাজেটে আয় দেখানো হয়েছে ৮১ কোটি ১০ লাখ টাকা এবং বাকি ৭ কোটি ৮৪ লাখ ৬৫ হাজার টাকা ঘাটতি বাজেট। মোট আয়ের মধ্যে ৭৩ কোটি ৮৫ হাজার টাকা বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন থেকে অনুদান এবং বাকি ৭ কোটি ২৫ হাজার টাকা আসবে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব আয় থেকে।

ঘোষিত বাজেটে অন্যান্য বছরের ন্যায় শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা ও পেনশন খাতে সর্বোচ্চ ব্যয় দেখানো হয়েছে। এই খাতে ব্যয় দেখানো হয়েছে শতকরা ৭৪.১২ ভাগ। বাকি ২৫.৮৮ ভাগ ব্যয় দেখানো হয়েছে শিক্ষাসহায়ক, সাধারণ কার্যক্রম এবং বিবিধে। গত অর্থবছরে শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা ও পেনশন বাবদ ধরা হয়েছিল মোট বাজেটের শতকরা ৭২.২৬ ভাগ। মোট বাজেট ছিল ৮৭ কোটি ৭৫ লাখ টাকা। ঘাটতি ছিল ৭ কোটি ৫০ লাখ টাকা। সিনেট অধিবেশনে বাজেট নিয়ে ব্যাপক আলাপ-আলোচনা হয়। সিনেট অধিবেশনে সভাপতিত্ব করেন উপাচার্য অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরী।